

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৭৯

৩. যাকাত অধ্যায় (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ ১৬. নাবী (ﷺ) ও তাঁর আহলে বাইতের (পরিবারের সদস্যদের) জন্য সাদাকা বৈধ নয়

بَابِ الصَّدَقَةِ لَا تَحِلُّ لِلنَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَا لِأَهْلِ بَيْتِهِ

আরবী

أَخْبَرَنَا هَاشِمُ بْنُ الْقَاسِمِ حَدَّثَنَا شُعْبَةُ أَخْبَرَنِي مُحَمَّدُ بْنُ زِيَادٍ قَالَ سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ قَالَ أَخْبَرَنِي مُحَمَّدُ بْنُ زِيَادٍ قَالَ سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ قَالَ أَخُذَ الْحَسَنُ تَمْرَةً مِنْ تَمْرِ الصَّدَقَةِ فَجَعَلَهَا فِي فِيهِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كِخْ كَخْ أَلْقِهَا أَمَا شَعَرْتَ أَنَّا لَا نَأْكُلُ الصَّدَقَة

বাংলা

১৬৭৯. আবী হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, একদা হাসান রাদ্বিয়াল্লাহু আনহু সাদাকার খেজুর হতে একটি খেজুর তুলে নিয়েই তার মুখে পুরে দিলেন। তখন নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বললেন: "ওয়াক্ ওয়াক্ (বমির পূর্বের আওয়াজের মত) করে ওটি ফেলে দাও। তুমি কি জানো না যে, আমরা সাদাকা ভক্ষণ করি না?"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ্
তাখরীজ: বুখারী ১৪৯১; মুসলিম, যাকাত ১০৬৯; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিবান নং ৩২৯৪,
৩২৯৫ তে। এছাড়া সেখানকার সাথে আমার সংযোজনী: তাহাবী, শারহু মা'আনিল আছার ২/৯; ইবনু আন্দুল
বারর, আত তামহীদ ৩/৯১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন